



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি./ফা.অ-১.প/২০১৬/৪৯

তারিখ : ২০ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রেরক :

পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

প্রাপক :

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ  
সকল কেন্দ্র, ফাজিল (অনার্স)

বিষয় : ২৩-১১-২০১৬ তারিখ হতে ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর পরীক্ষার উত্তরপত্র, প্রবেশপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণের লক্ষ্যে প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ আগামী ২৩-১১-২০১৬ তারিখ হতে আরম্ভ হবে। নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডিস্থ অস্থায়ী কার্যালয় (বাড়ি নং ৪৪, রোড নং-১২/এ, শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, ৪র্থ তলা), ঢাকা হতে উত্তরপত্র, পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিতরণ করা হবে।

বিতরণের তারিখ ও দিন	সময়	স্থান
০৬-১১-২০১৬ খ্রি. রবিবার	সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বাড়ি নং ৪৪, রোড নং-১২/এ (শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র) ধানমন্ডি, ঢাকা-১২০৯।

অতএব, উপর্যুক্ত তারিখে আপনার কেন্দ্রের পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীর প্রবেশপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে গ্রহণ করার নিমিত্তে সত্যায়িত নমুনা স্বাক্ষরসহ এক কপি প্রত্যয়নপত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে/প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হল। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ অবশ্যই প্রবেশপত্র গ্রহণের তিন দিনের মধ্যে শিক্ষার্থীদের নিকট প্রবেশপত্র বিতরণ করবেন।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট মাদরাসার ৩/৫ জন শিক্ষক সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন পূর্বক জেলা প্রশাসকের সুপারিশসহ উত্তরপত্র, পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে উক্ত কমিটির কাগজ জমা দিতে হবে।

উত্তরপত্র কেন্দ্রে নেয়ার পর তা মিলিয়ে দেখতে হবে এবং এর কোন অসঙ্গতি পাওয়া গেলে বা পরিলক্ষিত হলে সাথে সাথে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে লিখিতভাবে/ফোনে/মোবাইলে অবহিত করতে হবে।

[বিঃ দ্রঃ উত্তরপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধিগণ পরিবহন ব্যবস্থা করবেন।]

  
২০.১০.১৬


পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।  
মোবাইল ০১৭০৫ ৪০৮০০২

তারিখ : ২০ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- ইআবি/পনি./ফা.অ-১.প/২০১৬/৪৯(৪)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অর্থ ও হিসাব বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। নথি।

  
২০.১০.১৬  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।  
মোবাইল ০১৭০৫-৪০৮০০৪